



শাওমির সেভেনটিন সিরিজে রেকর্ড বিক্রি, স্মার্টফোন বাজারে নতুন মাইলফলক



সংগৃহীত ছবি

চীনা প্রযুক্তিপ্রতিষ্ঠান শাওমি তাদের সেভেনটিন সিরিজ উন্মোচনের পর বিক্রির নতুন ইতিহাস গড়েছে। উন্মুক্ত বিক্রি শুরু প্রথম পাঁচ মিনিটেই সব মডেল বিক্রি হয়ে যায়। উন্নত প্রসেসর, শক্তিশালী ব্যাটারি ও নতুন ক্যামেরা প্রযুক্তির কারণে বিশেষজ্ঞরা একে ‘গেম চেঞ্জার’ বলছেন।

চীনা প্রযুক্তিপ্রতিষ্ঠান শাওমি তাদের নতুন সেভেনটিন সিরিজ স্মার্টফোন বাজারে ছাড়ার পর বিক্রিতে নতুন মাইলফলক ছুঁয়েছে। চীনা বাজারে উন্মুক্ত বিক্রি শুরু হতেই মাত্র পাঁচ মিনিটের মধ্যে সব মডেল বিক্রি হয়ে যায়, যা শাওমির ইতিহাসে নতুন রেকর্ড তৈরি করেছে।

অ্যাপলকে সরাসরি চ্যালেঞ্জ জানিয়ে আনা এই সিরিজে যুক্ত করা হয়েছে অত্যাধুনিক স্ন্যাপড্রাগন-৮ এলিট জেন-৫ প্রসেসর। পাশাপাশি রয়েছে বড় পরিবর্তন আনা ডিসপ্লে ও ক্যামেরা সিস্টেম, সঙ্গে শক্তিশালী ৭,০০০ মেগাহার্জের ব্যাটারি।

প্রযুক্তি বিশেষজ্ঞদের মতে, বিশেষ করে এর ‘প্রো’ মডেলগুলো স্মার্টফোন ইন্ডাস্ট্রিতে বড় পরিবর্তন আনবে। শাওমির দাবি, সেভেনটিন সিরিজ আগামী প্রজন্মের সেরা স্মার্টফোন হিসেবে জায়গা করে নেবে।